## জাতিগত ন্যায়বিচার কমিশন (Racial Justice Commission, RJC) ব্যালট প্রশ্ন FAQ

কমিশনের ব্যালট প্রশ্ন আমরা নিউ ইয়র্কবাসীদের কাছ থেকে যা শুনেছি তার উপর ভিত্তি করে৷ প্রতিটির পিছনে উদ্দেশ্য হল সিটি গভর্নমেন্টের কেন্দ্রে জাতিগত সমতা স্থাপন করা৷ কমিশনের লক্ষ্য ছিল এমন কাঠামোগত পরিবর্তনগুলির প্রস্তাব দেওয়া যা সিটিতে জাতিগত অসমতা মূলে রয়েছে৷ আমরা নভেম্বরে নিউ ইয়র্ক সিটির ভোটারদের কাছে তাদের উপস্থাপন করতে পেরে আনন্দিত হয়েছি৷

ব্যালট প্রশ্নে আরও বিশদ বিবরণের জন্য, অনুগ্রহ করে আমাদের চূড়ান্ত রিপোর্ট পড়ুন৷ আমাদের চূড়ান্ত রিপোর্টে প্রতিটি ব্যালট প্রশ্নে পশ্চাতে থাকা কমিশনের কাজ, প্রক্রিয়া এবং উদ্দেশ্যগুলির একটি সারাংশ রয়েছে৷ রিপোর্টটি নিউ ইয়র্ক সিটিতে কাঠামোগত জাতিবাদে পটভূমি এবং বিশ্লেষণও প্রদান করে৷ https://racialjustice.cityofnewyork.us/wp-content/uploads/2022/05/Final-Report-of-the-NYC-Racial-Justice-Commission.pdf

### ব্যালট প্রশ্ন #1: সরকারকে নির্দেশনা দেওয়ার জন্য মূল্যবোধ একটি বিবৃতি

### এটি কী?

এই প্রস্তাব সিটির চার্টারে একটি মুখবন্ধ যুক্ত করবে৷ একটি মুখবন্ধ হল একটি সূচনামূলক বিবৃতি যা একটি আইনি নথির উদ্দেশ্য বা লক্ষ্য ব্যাখ্যা করে, যেমন একটি সংবিধান বা আইন৷ প্রস্তাবিত মুখবন্ধটি আমাদের সম্মিলিত মূল্যবোধকে সংজ্ঞায়িত করে এবং একটি নির্দেশক বিবৃতির মাধ্যমে আমাদের ইতিহাসকে স্বীকার করে৷

প্রস্তাবিত মুখবন্ধে থাকা মূল্যবোধগুলি সরাসরি জনসাধারণের ইনপুট থেকে নেওয়া হয়েছে৷ RJC অন্যান্য দেশ, রাজ্য এবং শহরগুলির মুখবন্ধগুলি অধ্যয়ন করেছিল এবং পাঁচটি বরোর সবকটিতে স্থানীয় ও জাতীয় কমিউনিটির নেতা, শিক্ষাবিদ, সক্রিয় কর্মী, যুবা, এবং ধর্মীয় নেতাদের সাথে ভার্চুয়াল উপায়ে এবং ব্যক্তিগত উপস্থিতিতে আলোচনার আয়োজন করেছিল৷ এই প্রচেষ্টার মাধ্যমে, RJC মূল্যবোধগুলিকে চিহ্নিত করেছিল - যেমন সমতা, ন্যায়পরায়ণতা, সহানুভূতি, জবাবদিহিতা এবং ন্যায়বিচার - যা নিউ ইয়র্কবাসীদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ৷

প্রস্তাবিত মুখবন্ধ:

- অতীতের ক্ষতি স্বীকার করে
- ন্যায়বিচারের জন্য লড়াই করা নিউ ইয়র্কবাসীদের অবদান এবং নেতৃত্বকে স্বীকৃতি দেয়
- নিউ ইয়র্কবাসীর মূল্যবোধের উপর ভিত্তি করে একটি ন্যায্য এবং ন্যায়সঙ্গত শহরের একটি দৃষ্টিভঙ্গি তুলে ধরে

### এটি কেন গুরুত্বপূর্ণ?

RJC বিশ্বাস করে যে আমাদের মৌলিক আইনের পক্ষে আমাদের ইতিহাসকে স্বীকার করা এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য গুণমানসম্পন্ন, স্থিতিস্থাপক, এবং ভাল-সংস্থানযুক্ত এলাকা এবং জীবন সম্পর্কে একটি দৃষ্টিভঙ্গি প্রকাশ করা গুরুত্বপূর্ণ৷ চার্টার সংশোধন প্রক্রিয়া চলাকালীন, আমাদের কমিশনাররা জানতে

পেরে অবাক হয়েছিলেন যে নিউ ইয়র্ক সিটি চার্টারে বর্তমানে একটি মুখবন্ধ নেই৷ চার্টারে এমন কোনো ধারা নেই যা স্পষ্টভাবে নিউ ইয়র্কবাসীদের ভিত্তিগত মূল্যবোধগুলিকে বর্ণনা করে৷

উপরন্তু, কাঠামোগত জাতিবাদকে ভেঙে ফেলার জন্য RJC-এর কাজের একটি গুরুত্বপূর্ণ অংশ হল সত্য কথা বলা৷ সত্য, পুনর্মিলন এবং সংশোধনের প্রতি প্রথম পদক্ষেপ হিসাবে, প্রস্তাবিত মুখবন্ধটি শহরের সংবিধানে ঐতিহাসিক ভুলের স্বীকৃতি এবং আমাদের শহরের জাতিবাদ ও বৈষম্যের কুৎসিত সত্যকে অন্তর্ভুক্ত করবে৷ উদাহরণস্বরূপ, এটি নিউ ইয়র্ক সিটি গঠনে এশিয়ান অভিবাসীদের ঐতিহাসিক প্রচেষ্টাকে স্বীকৃতি দেয়-যা বিশেষ করে এখন গুরুত্বপূর্ণ যখন অনেক এশিয়ান মনে নাও করতে পারে যে তাদের শহর তাদের অবদানকে সম্পূর্ণরূপে আলিঙ্গন করে৷ মুখবন্ধটি ঐতিহাসিকভাবে বাদ দেওয়া গোষ্ঠীগুলির অবদানকে স্বীকার করে যাতে শহরটি নিরাময় এবং ন্যায়বিচারের দিকে অগ্রসর হতে শুরু করতে পারে৷

RJC বিশ্বাস করে যে নিউ ইয়র্ক সিটি সরকারের নিউ ইয়র্ক সিটির মূল্যবোধ দ্বারা পরিচালিত হওয়া উচিত৷ একটি মুখবন্ধ যোগ করার উদ্দেশ্য হল আমাদের শহরের জন্য একটি দৃষ্টিভঙ্গি স্পষ্টভাবে প্রকাশ করা, যা আমাদের ইতিহাস সংক্রান্ত একটি বোধ এবং নিউ ইয়র্কবাসী হিসাবে আমাদের মূল্যবোধের মধ্যে নিহিত আছে৷ একটি মুখবন্ধ যোগ করা হলে তা নিউ ইয়র্কবাসীদের নিউ ইয়র্ক সিটির জন্য একটি দৃষ্টিভঙ্গি এবং মৌলিক মূল্যবোধ গ্রহণ করার সুযোগ দেবে যাতে সিটি সরকারকে এটির দায়িত্ব পালনে নির্দেশনা দেওয়া যায়৷

### এটি কীভাবে কাজ করে?

শব্দের বাইরে, মুখবন্ধটির উদ্দেশ্য হল সিটি সরকারের কাজ করার পদ্ধতিতে একটি বাস্তব প্রভাব ফেলা৷ প্রস্তাবিত মুখবন্ধ সিটি এজেন্সি এবং কর্মকর্তাদের নির্দেশ দেয় যে তারা যেন তাদের দায়িত্ব পালন করার সময় এটিকে নির্দেশনা হিসাবে ব্যবহার করেন৷ মুখবন্ধটির উদ্দেশ্য হল কীভাবে সিটি সরকার মুখবন্ধটিতে নির্ধারণ করা দৃষ্টিভঙ্গির দিকে এগিয়ে যাওয়ার জন্য এটির পরিকল্পনা, পর্যালোচনা এবং নিরীক্ষা কার্যগুলিকে পরিপূর্ণ করবে সেই নির্দেশনা দেওয়া৷

প্রস্তাবিত মুখবন্ধটির উদ্দেশ্য হল সকল নিউ ইয়র্কবাসীর জন্য সমতা এবং ন্যায়বিচারের এই নতুন দৃষ্টিভঙ্গির প্রতি সিটি সরকার এবং সিটি কর্মকর্তাদের পুন:স্থাপন করা৷ সকলের জন্য ন্যায়বিচার ও সমতা প্রচার করার জন্য আমাদের ভিত্তি, কাঠামো, প্রতিষ্ঠান এবং আইন পুনর্গঠন, সংশোধন এবং পুনর্ধারণা করার জন্য এটি নিউ ইয়র্কবাসী হিসাবে আমাদের আহ্বান জানায়৷ এটি বলে যে সিটিকে অবশ্যই অতীত এবং চলতে থাকা ক্ষতির প্রতিকারের জন্য প্রচেষ্টা করতে হবে৷ সিটি সরকারের এই "পুন:স্থাপন" সরকারকে এটির কার্য সম্পাদনে নির্দেশনা দেবে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্কবাসীদের উন্নতির জন্য কী প্রয়োজন তা নির্ধারণ করা, যেমন তাদের এলাকায় নতুন বিনিয়োগ, তারা যে ভাষায় কথা বলে সেই সহজে-বোধগম্য ভাষায় প্রদান করা পরিষেবা, বা যেখানে তারা বাস করে সেখানে গুণমানসম্পন্ন হাসপাতাল এবং স্কুল৷

মুখবন্ধটি কর্মের একটি ব্যক্তিগত অধিকার তৈরি না করলেও, এটি এমন একটি দৃষ্টিভঙ্গি স্থাপন করার উদ্দেশ্যে তৈরি করা হয়েছে যা সিটির নিজের ধারণ করা উচিত এবং যা নিউ ইয়র্কবাসীরা সরকারকে দায়বদ্ধ করতে চাওয়ার সময় নির্দেশ করতে পারে৷ সিটি এজেন্সিগুলিকে নির্দেশ দেওয়া হবে যে তারা যেন

তাদের কর্মসূচিগুলি তৈরি করতে এবং তাদের কর্মক্ষমতা পর্যালোচনা করার জন্য একটি নির্দেশিকা হিসাবে মুখবন্ধটি ব্যবহার করে। সমাজে সিটি সরকারের যে ভূমিকা পালন করা উচিত সে সম্পর্কে কথোপকথনের সময় আইনজীবীরা মুখবন্ধটি নির্দেশ করতে পারেন।

**ব্যালট প্রশ্ন #2: একটি জাতিগত সমতা অফিস, পরিকল্পনা এবং, কমিশন তৈরি করা**

**এটি কী?**

এই প্রস্তাবটি জাতিগত সমতার একটি অফিস, একটি শহরব্যাপী জাতিগত সমতা পরিকল্পনা এবং জাতিগত সমতা সংক্রান্ত একটি কমিশন তৈরি করবে।

জাতিগত সমতার অফিসকে প্রতিটি সিটি এজেন্সির সাথে কাজ করতে হবে যাতে ডেটা পরিমাপের বৈষম্য থাকা জাতিগত সমতা পরিকল্পনা তৈরি করা যায়। এই সমস্ত পরিকল্পনাগুলি একটি শহরব্যাপী জাতিগত সমতা পরিকল্পনায় পরিণত হবে যার জন্য মেয়র দায়িত্বশীল থাকেন। এজেন্সিগুলি বাজেট প্রক্রিয়ায় নিয়োজিত থাকার সময়েই এই পরিকল্পনাগুলি তৈরি করা আবশ্যক।

সিটির পরিষেবা এবং কর্মসূচিগুলিকে নিউ ইয়র্কবাসীদের জন্য আরও ন্যায়সঙ্গত এবং প্রাপ্তিসাধ্য করার জন্য সেরা কার্যাভ্যাস তৈরি করার জন্যও জাতিগত সমতার অফিস দায়িত্বশীল থাকবে, যেমন ভাষার অ্যাক্সেসের উন্নতি করা, সংস্থানগুলির অনুন্নত এলাকাগুলিতে পৌঁছানো নিশ্চিত করা এবং যে উপায়ে নির্দিষ্ট কিছু গোষ্ঠী প্রান্তিক হয়ে উঠতে পারে বা বাদ পড়তে পারে তা উদ্দেশ করা।

জাতিগত সমতা কমিশন একটি স্বাধীন সংস্থা হবে যা কমিউনিটি ইনপুটের উপর ভিত্তি করে শহরব্যাপী জাতিগত সমতা পরিকল্পনার জন্য অগ্রাধিকারগুলিকে চিহ্নিত করে। এছাড়াও জাতিগত সমতা কমিশন শহরব্যাপী জাতিগত সমতা পরিকল্পনা পর্যালোচনা করবে এবং রিপোর্ট করবে। জাতিগত সমতা কমিশনের নেতৃত্ব দেওয়ার জন্য বিভিন্ন সিটির কর্মকর্তারা 15 জন সদস্য নিয়োগ করবেন। কমিশনারবৃন্দের উদ্দেশ্য হল নিউইয়র্কের বিভিন্ন সম্প্রদায়কে প্রতিফলিত করা।

**এটি কেন গুরুত্বপূর্ণ?**

RJC বিশ্বাস করে এই প্রস্তাবটি গুরুত্বপূর্ণ কারণ এটি মেয়র এবং প্রতিটি সিটি এজেন্সিকে জাতিগত সমতার জন্য দায়িত্বশীল করবে। এই প্রস্তাবটি সিটি সরকারের কেন্দ্রস্থলে জাতিগত সমতা স্থাপনের উদ্দেশ্যে করা হয়েছে। NYC-তে জাতিগত বৈষম্যসমূহের মূলে প্রবেশ করে এমন একটি কাঠামো তৈরি করার জন্য জাতিগত সমতার অবকাঠামো পরিকল্পিত হয়েছে। এবং এই কাঠামোটি সময়ের সাথে বিকশিত, মানিয়ে নেওয়া এবং বৃদ্ধির জন্য পরিকল্পিত হয়েছে।

RJC বিশ্বাস করে যে, নিউ ইয়র্ক সিটির ভোটারদের দ্বারা অনুমোদিত হলে, এই প্রস্তাবটি হবে মার্কিন যুক্তরাষ্ট্রে সবচেয়ে সাহসী এবং উচ্চাভিলাষী জাতিগত সমতার অবকাঠামো।

এটির উদ্দেশ্য শুধুমাত্র আরেকটি অফিস হয়ে ওঠা নয়। RJC বিশ্বাস করে যে সিটি সরকারের একটি কেন্দ্রীয় সংস্থার প্রয়োজন যাতে *সমস্ত* এজেন্সি জুড়ে এই কাজটির সমন্বয়সাধন করা যায়। *প্রতিটি* সিটি এজেন্সি – অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেনস সার্ভিসেস (Administration for Children's Services, ACS) থেকে অফিস

অফ ম্যানেজমেন্ট অ্যান্ড বাজেট (Office of Management and Budget, OMB) পর্যন্ত – জাতিগত সমতাকে উদ্দেশ করার জন্য একটি পরিকল্পনা তৈরি করার জন্য দায়িত্বশীল থাকবে। এজেন্সিগুলি তাদের বাজেট একত্রিত করার সময় এই পরিকল্পনা প্রক্রিয়াটি ঘটা প্রয়োজন। এইভাবে, এজেন্সিগুলি নিশ্চিত করতে পারে যে তাদের জাতিগত সমতার কাজে সফল হওয়ার জন্য যথেষ্ট সংস্থান এবং অর্থ রয়েছে। এবং সেই প্রক্রিয়ার উপর একটি স্বাধীন "যাচাই" আছে - জাতিগত সমতা কমিশন।

জাতিগত সমতা কমিশন আপনার সাধারণ NYC কমিশন হবে না। এটি অপ্রচলিত কন্ঠস্বর এবং দৃষ্টিভঙ্গি অন্তর্ভুক্ত করার জন্য পরিকল্পিত হয়েছে। বিভিন্ন সিটি কর্মকর্তাদের কমিশনার নিয়োগ করতে দেওয়ার অর্থ হল নির্বাচিত কর্মকর্তাদের মধ্যে যাচাই এবং ভারসাম্য প্রদান করা। জাতিগত সমতা কমিশনের উদ্দেশ্য হল জবাবদিহিতা এবং এই প্রক্রিয়ায় কমিউনিটির কণ্ঠস্বর যেন শোনা হয় তা নিশ্চিত করা।

জাতিগত সমতা পরিকল্পনাগুলি গুরুত্বপূর্ণ কারণ যদিও আমরা সবাই জানি যে বৈষম্যসমূহ বিদ্যমান, তবুও সেগুলিকে পরিমাপ করা গুরুত্বপূর্ণ। বর্তমান বা নতুন নীতিগুলি এই ফারাকগুলি আরো কমাচ্ছে নাকি বাড়াচ্ছে তা বোঝার জন্য কর্মকর্তা এবং জনসাধারণের এই ডেটা প্রয়োজন। কোন এলাকাগুলিতে সবচেয়ে বেশি অসমতা রয়েছে তা জানার জন্যও ডেটাটি প্রয়োজন যাতে কর্মকর্তারা এই বৈষম্যসমূহকে উদ্দেশ করবে এমন কর্মসূচি এবং সংস্থানগুলিকে অগ্রাধিকার দিতে পারে। পরিকল্পনাগুলি এজেন্সিগুলিকে ব্যাখ্যা করার জন্য দায়িত্বশীল থাকবে যে তারা কীভাবে বৈষম্যসমূহকে উদ্দেশ করবে এবং সবার জন্য ফলাফলের উন্নতি করবে।

## এটি কীভাবে কাজ করে?

*জাতিগত সমতা পরিকল্পনা*

প্রতি দুই বছরে, সিটির বাজেট প্রক্রিয়া চলাকালীন, সমস্ত সিটি এজেন্সিকে জাতিগত সমতা পরিকল্পনা তৈরি করতে হবে। এই সমস্ত পরিকল্পনাগুলি একটি শহরব্যাপী জাতিগত সমতা পরিকল্পনায় পরিণত হবে যার দায়িত্ব মেয়রের।

জাতিগত সমতা পরিকল্পনায় এজেন্সি তাদের কাজের ক্ষেত্রে জাতিগত সমতার উন্নতি করছে কিনা তা পরিমাপ করার জন্য ডেটা অন্তর্ভুক্ত থাকবে। এজেন্সিগুলিকে তাদের পরিকল্পনাগুলির কার্যকারিতা প্রমাণ করার জন্য অবশ্যই ডেটা সংগ্রহ করতে এবং জমা দিতে হবে। পরিকল্পনাযগুলিতে তাৎক্ষণিক ত্রাণের জন্য স্বল্পমেয়াদী কৌশল এবং অসমতার মূল কারণগুলিকে উদ্দেশ করার জন্য দীর্ঘমেয়াদী কৌশল উভয়ই অন্তর্ভুক্ত থাকতে হবে।

*জাতিগত সমতা অফিস*

জাতিগত সমতা অফিসের নেতৃত্ব দেওয়ার জন্য একজন চিফ সমতা অফিসার নিয়োগের জন্য মেয়র দায়িত্বশীল থাকবেন। জাতিগত সমতা অফিস জাতিগত সমতা পরিকল্পনাগুলির উন্নয়নের জন্য সমন্বয়কারী সংস্থা হিসাবে কাজ করবে।

জাতিগত সমতা অফিস বিভিন্ন বর্ণ বা জাতির নিউ ইয়র্কবাসীদের মধ্যে এবং বিভিন্ন এলাকার মধ্যে সুস্থতার পার্থক্য দেখানোর উদ্দেশ্যে ডেটা আলাদা করার জন্য মানদন্ড নির্ধারণ করার জন্য দায়িত্বশীল থাকবে| এটি সরকারকে আরও সুনির্দিষ্টভাবে নির্দিষ্ট সম্প্রদায় এবং এলাকাগুলির চাহিদার প্রতি লক্ষ্য নেওয়ার সুযোগ দেবে৷

এছাড়াও, জাতিগত সমতা অফিস এলাকাগুলির মানচিত্র তৈরি করার জন্য দায়িত্বশীল থাকবে যাতে বোঝা যায় কোন এলাকাগুলি অনুন্নত| এছাড়াও, জাতিগত সমতা অফিসকে অবশ্যই সিটি এজেন্সিগুলির জন্য সেরা কার্যাভ্যাস তৈরি করতে হবে যাতে যে বাধাগুলি সরকারের কাছে পৌঁছানো ইয়র্কবাসীদের পক্ষে সময়সাপেক্ষ এবং কঠিন করে তোলে সেগুলিকে দূর করার জন্য বাস্তব প্রাপ্তিসাধ্যতা সহ ব্যবহারের সহজতা, ভাষার ন্যায়বিচার এবং অ্যাক্সেসকে প্রাধান্য দেওয়া যায়| অবশেষে, কীভাবে মানুষ এবং সম্প্রদায়গুলিকে প্রান্তিক করা হয়েছে তা উদ্দেশ করে এমন নীতি এবং সেরা কার্যাভ্যাসগুলিকে অগ্রসর করার জন্য জাতিগত সমতা অফিস দায়িত্বশীল থাকবে|

*জাতিগত সমতা কমিশন*

জাতিগত সমতা কমিশন জাতিগত সমতা পরিকল্পনায় অন্তর্ভুক্ত করার জন্য অগ্রাধিকার চিহ্নিত করতে কমিউনিটি ইনপুট সংগ্রহ করবে| জাতিগত সমতা কমিশনের কাছে সিটির জাতিগত সমতা পরিকল্পনায় প্রতিক্রিয়া জানানোর, ডেটা পর্যালোচনা করার এবং সিটির অগ্রগতির বিষয়ে নিজস্ব রিপোর্ট জারি করার সুযোগ থাকবে|

জাতিগত সমতা কমিশন মেয়রের অফিস থেকে স্বাধীন হবে এবং মেয়রের জাতিগত সমতা পরিকল্পনার একটি "যাচাই" হিসাবে কাজ করবে| মেয়র, সিটি কাউন্সিল, নিয়ন্ত্রক এবং সরকারী আইনজীবী দ্বারা নিযুক্ত প্রতিটি বরো থেকে 15 জন কমিশনারের সমন্বয়ে জাতিগত সমতা কমিশন গঠিত হবে| সিটির কর্মকর্তাদের এমন কমিশনারদের নিয়োগ করতে হবে যারা কাঠামোগত জাতিবাদের দ্বারা প্রতিদিন প্রভাবিত হওয়া নিউ ইয়র্কবাসীদের প্রতিনিধিত্ব করেন বা যাদের তাদের পক্ষে ওকালতি করার অভিজ্ঞতা রয়েছে, যার মধ্যে এমন ব্যক্তিরা অন্তর্ভুক্ত যারা আগে কখনও কমিশন বা বোর্ডে কাজ করেন নি, যারা সরকারী আবাসনে বসবাস করেছেন, যারা আগে কারাগারে ছিলেন, এবং যারা যুবাদের কণ্ঠস্বর তুলে ধরেন|

## ব্যালট প্রশ্ন #3: জীবনযাত্রার প্রকৃত খরচ পরিমাপ করা

## এটি কী?

এই প্রস্তাবের জন্য সিটিকে জীবনের প্রকৃত খরচ পরিমাপ করতে হবে| সিটিকে নিউ ইয়র্ক সিটিতে অপরিহার্য প্রয়োজনের খরচ মেটানোর জন্য প্রয়োজনীয় গড় অর্থরাশি গণনা করতে হবে এবং প্রতি বছর রিপোর্ট করতে হবে|

## এটি কেন গুরুত্বপূর্ণ?

RJC বিশ্বাস করে যে জীবনের প্রকৃত খরচ হবে দারিদ্র্য বা সবচেয়ে দরিদ্র অবস্থার ঊর্ধ্বে থাকার উপর জোর দেওয়ার পরিবর্তে মর্যাদার একটি মানদন্ডের উপরে জোর দিয়ে অর্থনৈতিক ন্যায়বিচারের প্রতি একটি প্রয়োজনীয় প্রথম পদক্ষেপ| জীবনের প্রকৃত খরচের উদ্দেশ্য হল একটি অত্যন্ত কম, দারিদ্র-ভিত্তিক

সংখ্যার পরিবর্তে, নিউ ইয়র্ক সিটিতে বসবাসের প্রকৃত খরচের উপর আমাদের দৃষ্টিনিবদ্ধ রেখে কথোপকথন পরিবর্তন করা৷

আপনি কি জানেন যে ফেডারেল দারিদ্র্য নির্দেশিকা বলে যে NYC-তে চারজনের একটি পরিবার দারিদ্র্যের মধ্যে থাকে না যদি তাদের আয় $26,501 হয়? প্রতিটি নিউইয়র্কবাসী জানে যে সংখ্যাটি অবাস্তবভাবে কম৷ এর কারণ হল ফেডারেল দারিদ্র্য নির্দেশিকা মানদণ্ড, যা 1960 সাল থেকে আপডেট করা হয় নি, আঞ্চলিক খরচের পার্থক্যগুলিকে প্রতিফলিত করে না৷

RJC বিশ্বাস করে যে নিউ ইয়র্কবাসীদের দারিদ্র্যের কখনও শেষ না হওয়া চক্রের আবর্ত থেকে বেরিয়ে আরও বেশি কিছু করতে সক্ষম হওয়া উচিত৷ নির্বাহের স্তরের উপরে বসবাস করতে কী লাগবে তা সনাক্ত করতে জীবনের প্রকৃত খরচের পরিমাপ সাহায্য করতে পারে৷

সিটির জীবনের প্রকৃত খরচ পরিমাপ করার প্রয়োজনের অর্থ হল সিটি কর্মসূচি এবং পরিষেবাগুলি বিকাশ ও পরিচালনা করা এবং এটির নিজস্ব কর্মচারী ও ঠিকাদারদের কর্মচারীদের জন্য মজুরি নির্ধারণ করার সময় এটির সিদ্ধান্তগুলিকে নির্দেশিত করা৷ একইভাবে, RJC উদ্দেশ্য করে যে জীবনের প্রকৃত খরচ পরিমাপকে আইনজীবী, ইউনিয়ন, কর্মী এবং নীতিনির্ধারকদের দ্বারা একটি হাতিয়ার হিসেবে ব্যবহার করা হবে এমন পরিবর্তনগুলিকে অগ্রসর করা হোক যা নিউ ইয়র্কবাসীদেরকে দারিদ্র্য থেকে বের করে মর্যাদার সাথে জীবনযাত্রার একটি মানদণ্ডে উন্নীত করবে৷

নিউ ইয়র্ক সিটিতে অসামঞ্জস্যপূর্ণভাবে কৃষ্ণাঙ্গ নিউ ইয়র্কবাসীদের প্রভাবিত করে এমন ক্রয়ক্ষমতার সংকটের বিষয়ে আমরা শুনেছি এমন অনেক গল্পের প্রতি সাড়া দিতে এটি একটি মৌলিক পরিবর্তন৷

## এটি কীভাবে কাজ করে?

প্রতি বছর, সিটিকে জীবনের প্রকৃত খরচ পরিমাপ করতে হবে৷ সিটিকে অপরিহার্য প্রয়োজনের গড় খরচ গণনা করতে হবে, যার মধ্যে রয়েছে আবাসন, শিশু পরিচর্যা, শিশু এবং নির্ভরশীল ব্যক্তিদের খরচ, খাদ্য, পরিবহন, স্বাস্থ্যসেবা, পোশাক এবং জুতো, রজঃস্রাবের পণ্য, সাধারণ স্বাস্থ্যবিধি পণ্য, পরিষ্কারের পণ্য, গৃহস্থালি সামগ্রী, টেলিফোন পরিষেবা, ইন্টারনেট পরিষেবা এবং অন্যান্য প্রয়োজনীয় খরচ, যার মধ্যে ট্যাক্সের বাধ্যবাধকতার মতো খরচ অন্তর্ভুক্ত থাকতে পারে, তবে তালিকাটি এর মধ্যেই সীমাবদ্ধ নয়৷ সরকারী সহায়তা বা দাতব্য এই খরচের সাপেক্ষে গণনা করা হবে না৷ বরং, সরকারী বা বেসরকারী সহায়তার উপর নির্ভর না করে আমাদের শহরে সেই অপরিহার্য প্রয়োজনগুলি মেটাতে মোট কত খরচ হয় তা গণনা করা হবে৷ সিটিকে প্রতি বছর এই পরিমাপের রিপোর্ট জনসমক্ষে পেশ করতে হবে৷

জীবনের প্রকৃত খরচের উদ্দেশ্য নিউ ইয়র্কবাসীদের অর্থ দেওয়া বা তাদের কাছ থেকে অর্থ নেওয়া নয়৷ পরিবর্তে, RJC একটি মূল ধারণা দিয়ে শুরু হয়েছিল: NYC-তে জীবনযাত্রার প্রকৃত খরচ না জানার ফলে নিউ ইয়র্কবাসীদের অর্থনৈতিক সুস্থতার অবস্থা নিয়ে আলোচনা করা অসম্ভব হয়ে পড়ে৷ যখন আমরা মর্যাদার সাথে বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় খরচকে আরও সুনির্দিষ্টভাবে সংজ্ঞায়িত করি, তখন আমরা যারা সংগ্রাম করছে তাদের সহায়তা করার সমাধান নিয়ে কাজ করতে পারি এবং যে দারিদ্রের চক্র ভবিষ্যত প্রজন্মকে প্রভাবিত করে তা প্রতিরোধ করতে পারি৷